# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৫৩

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি শরীরে কোন ব্যথা অনুভব করলে, কোন দু'আর মাধ্যমে আশ্রয় প্রার্থনা করবে তার বিবরণ

## ذِكْرُ وَصْفِ التَّعَوُّذِ الَّذِي يُعَوِّذُ الْمَرْءُ نَفْسَهُ عِنْدَ أَلَمٍ يَجِدُهُ

আরবী

2953 ـ أخبرنا أحمد بن محمد الْحَسَنِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الذُّهْلِيُّ قَالَ: أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ صَالِحٍ السَّهْمِيُّ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ أَخْبَرَنِي يُونُسُ بْنُ يَزِيدَ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي نَافِعُ بْنُ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ عَنْ عُثْمَانَ بْنِ أَبِي الْعَاصِ الثَّقَفِيِّ: أَنَّهُ شَكَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَجَعًا يَجِدُهُ مُنْذُ أَسْلَمَ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (ضَعْ يَدَكَ عَلَى الَّذِي تَأْلَمَ مِنْ جَسَدِكَ وَقُلْ: بِسْمِ اللَّهِ ـ ثَلَاثًا ـ وَقُلْ: أَعُوذُ بِاللَّهِ وَقُدْرَتِهِ مِنْ شَرِّ مَا أَجِد وأحاذر ـ سبع مرات ـ)

الراوي : عُثْمَان بْن أَبِي الْعَاصِ الثَّقَفِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2953 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الطحاوية)) (70) , ((الصحيحة)) (3/ 404) , ((التعليق الرغيب)) (4/ 156): م.

বাংলা

২৯৫৩. উসমান বিন আবুল আস সাকাফী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "তিনি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে অনুযোগ করেন যে, তিনি ইসলাম গ্রহণের সময় থেকে শরীরে ব্যথা অনুভব করেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেন, "তুমি তোমার হাত তোমার শরীরের সেই স্থানে রাখো, যেখানে তুমি ব্যথা অনুভব করো। এবং তিনবার 'বিসমিল্লাহ' বলো আর সাতবার বলবে أَعُوذُ بِاللَّهِ وَقُدْرَتِهِ مِنْ شَرِّ مَا أجد وأحاذر (আমি আল্লাহ ও তাঁর ক্ষমতার মাধ্যমে আশ্রয় চাচ্ছি আমি যে কষ্ট অনুভব করছি এবং যা কিছুর আশংকা করছি, তার অনিষ্ট থেকে)।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২২০২; মুয়াত্তা ইমাম মালিক; ২/৯৪২; তিরমিযী: ২০৮০; আবূ দাউদ: ৩৮৯১; তাবারানী: ৯/৮৩৪৩; ইবনু মাজাহ: ৩৪২২।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ৩/৪০৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উসমান ইবনু আবূল-আস আস-সাকাফী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92283

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন